# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায)

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

মাগরিবের ফরয নামাযের আগের সুন্নাত - ৬১. মাগরিবের ফরজের আগে কি কোন সুন্নাত সালাত আছে?

হ্যাঁ, মাগরিবের ফরজের আগে দুই রাকআত নফল নামায আছে।

(১) আনাস (রা) বলেন, মদীনায় যখন মুয়াযযিন মাগরিবের আযান দিত, লোকেরা তখন তাড়াতাড়ি করে মসজিদের খুঁটিগুলোর কাছে যেতো এবং সেখানে গিয়ে দুই রাকআত সালাত আদায় করতো। এত বেশি লোক এ দু'রাকআত সালাত পড়তে থাকতো যে, হঠাৎ কোন লোক এলে মনে করতো জামাত বুঝি শেষ হয়ে গেছে।(মুসলিম)।

(২) মারসাদ ইবনে আব্দুল্লাহ (রা) থেকে বর্ণিত। উকবা (রা) বলেন, আমরা রাসূলুল্লাহ (স)-এর সময় (সূর্যাস্তের পর মাগরিবের ফরজের পূর্বে) এ দুই রাকআত সালাত আদায় করতাম।(বুখারী)

(৩) রাসূলুল্লাহ (স) বলেছেন, প্রতি দুই আযানের মধ্যবর্তী সময়ে তোমাদের জন্য সালাত রয়েছে। অর্থাৎ, ইকামাতও এক প্রকার আযান। আর আযান ও ইকামাতের মাঝে আমাদের জন্য রয়েছে সালাত।

(৪) আনাস (রা) বলেন, রাসূলুল্লাহ (স)-এর সময় সূর্যাস্তের পর এবং মাগরিবের নামাযের পূর্বে আমরা দুই রাকআত নফল সালাত আদায় করতাম।

(৫) রাসূলুল্লাহ (স) বলেছেন, তোমরা মাগরিবের আগে দুই রাআত পড়। তোমরা মাগরিবের আগে দুই রাকআত পড়। তৃতীয়বারে তিনি বললেন, তোমাদের মধ্যে যার ইচ্ছা হয় সে পড়। যাতে করে লোকেরা বুঝতে পারে যে, এ সালাত সুন্নাতে মুআক্কাদাহ নয়।(বুখারী, মুসলিম) উপরিউক্ত দলীলের ভিত্তিতে মক্কা ও মদীনায় সব মসজিদেই মুসল্লীরা মাগরিবের ফরজের পূর্বে দুই রাকআত নফল সালাত পড়ে থাকে। মাগরিবের আযান হওয়ার পর থেকে ইকামাত দেওয়ার পূর্ব পর্যন্ত এ পরিমাণ ব্যবধান রাখতে হবে যাতে দুই রাকআত নফল পড়ার সময় পাওয়া যায়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12947

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন